দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 29 DEC 2016 ...
পৃষ্ঠা ... 4 ... কলাম ... ৩ ...

# অনিয়ম ঠেকাতে কুড়িগ্রামের কলেজের শিক্ষক নিয়োগ পরীক্ষা হলো ঢাকায়

■ ইত্তেফাক রিপোর্ট

তদবিরের চাপ ও অনিয়ম ঠেকাতে এবং প্রভাবমুক্ত সুষ্ঠু পরিবেশের জন্য কুড়িগ্রামের ফুলবাড়ী মহিলা ডিগ্রি কলেজের শিক্ষকসহ বিভিন্ন পদে নিয়োগ পরীক্ষা ঢাকায় অনুষ্ঠিত হয়েছে। এই শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটির সভাপতি, স্থানীয় সংসদ সদস্য ও সংসদের বিরোধী দলীয় চিফ হুইপ তাজুল ইসলাম চৌধুরীর সংসদ এলাকার কার্যালয়ে সোমবার এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। ৪০ জন পরীক্ষার্থী এতে অংশ নেন।

শিক্ষকদের ছয়টি পদের পাশাপাশি গ্রন্থাগারিকের একটি পদে এই নিয়োগ পরীক্ষা নেওয়া হয়েছে। কলেজের অধ্যক্ষ সুজাত হোসেনও পরীক্ষার সময় উপস্থিত ছিলেন। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন কুড়িগ্রাম সরকারি কলেজের ভাইস প্রিন্সিপাল ওবায়দুল কাদের। তাজুল ইসলাম চৌধুরী ইত্তেফাককে জানান, এই নিয়োগ পরীক্ষা নিয়ে স্থানীয়ভাবে কিছু অভিযোগ উঠেছিল, অনেক প্রভাবশালী ব্যক্তিরা তদবিরও করছিলেন। এসব ঝামেলা এড়িয়ে সুষ্ঠু পরিবেশে পরীক্ষার স্বার্থেই ঢাকায় পরীক্ষার আয়োজন করা হয়। এ ছাড়া ব্যক্তিগতভাবে তিনি অসুস্থ এবং জেলা পরিষদ নির্বাচন চলায় নির্বাচনী আচরণবিধির কিছু বিধিনিষেধও রয়েছে।